



তথ্যবিবরণী

নম্বর:৬৪

প্রধানমন্ত্রীর উদ্বোধনে ময়মনসিংহ পেল
১২২টি অবকাঠামো

ময়মনসিংহ (মঙ্গলবার, ১৪ নভেম্বর ২০২৩ খ্রি.):

উন্নয়নের ধারাবাহিকতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা খাদ্য মন্ত্রণালয়ের আওতায় নির্মিত ময়মনসিংহ স্টিল রাইস সাইলোসহ ময়মনসিংহের মোট ১২২টি অবকাঠামো উদ্বোধন করেছেন। ময়মনসিংহ সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন ২৫ শয্যা বিশিষ্ট ময়মনসিংহ সরকারি শিশু পরিবার (বালক) শান্তি নিবাস, ময়মনসিংহের ধোবাউড়া সাব-রেজিস্ট্রি অফিস ভবন, গফরগাঁওয়ের কান্দিপাড়া সাব-রেজিস্ট্রি অফিস ভবন উদ্বোধন করেন তিনি।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ময়মনসিংহের গফরগাঁও, মুক্তলগাছা, ফুলপুর উপজেলায় ৩টি শেখ ‘রাসেল মিনি স্টেডিয়াম’, ময়মনসিংহের বিভিন্ন উপজেলায় ৬টি কমিউনিটি ক্লিনিক এর উদ্বোধন করেন। এছাড়াও প্রাথমিক বিদ্যালয়, উচ্চ বিদ্যালয়, কলেজ, মাদ্রাসা ভবনসহ ১০৯টি স্থাপনার দ্বার উন্মোচন করেন তিনি। বাস্তবায়নে ময়মনসিংহ এলজিইডি ও শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতায় ১০৯টি, গণপূর্ত, স্বাস্থ্য, খাদ্য, সমাজসেবা অধিদপ্তরের ১৩টি অবকাঠামো।

আজ (মঙ্গলবার, ১৪ নভেম্বর) সকালে গণভবন থেকে দেশের ৬৪ টি জেলা প্রশাসকের কার্যালয়সহ ১০১টি প্রান্তে যুক্ত হন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। স্থানীয়ভাবে ময়মনসিংহ স্টিল রাইস সাইলো ভেন্যুটি যুক্ত হয়। এ উপলক্ষে ময়মনসিংহ নগরীর সিএসডি ক্যাম্পাস প্রাঙ্গণে বর্ণাঢ্য অনুষ্ঠান আয়োজন করা হয়। হস্তান্তর অনুষ্ঠানের উদ্বোধন শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপকারীদের সাথে মতবিনিময় করেন।

এ যাত্রায় প্রধানমন্ত্রী ২৪টি মন্ত্রণালয়/বিভাগের ৯৭ হাজার ৪৭১কোটি ৩ লক্ষ টাকা ব্যয়ে ১৫৭টি প্রকল্পের ১০ হাজার ৪১টি অবকাঠামোর ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন করলেন। তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জাহিদ মালেক, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্যসচিব মোঃ তোফাজ্জল হোসেন মিয়াসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এসময় উপস্থিত ছিলেন।

ময়মনসিংহ প্রান্তে যুক্ত থেকে স্থানীয় পর্যায়ে অংশগ্রহণ করেন সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এক খালিদ এমপি, ময়মনসিংহ সিটি কর্পোরেশন মেয়র মোঃ ইকরামুল হক টিটু, বিভাগীয় কমিশনার উম্মে সালাম তানজিয়া, বাংলাদেশ পুলিশের ময়মনসিংহ রেঞ্জের ডিআইজি মোঃ শাহ আবিদ হোসেন, জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজার রহমান, পুলিশ সুপার মাহুম আহাম্মদ ভূঞা, ময়মনসিংহ গণপূর্ত বিভাগের অতিরিক্ত প্রধান প্রকৌশলী ড. মোঃ মঈনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী মুহাম্মদ জিল্লুর রহমান সিদ্দিকীসহ বিভাগীয় ও জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, সরকারি বিভিন্ন দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণ, কর্মচারীবৃন্দ, মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, বিভিন্ন শ্রেণি পেশার মানুষ, প্রকল্পের উপকারভোগীসহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গসহ গণ্যমান্য আরো অনেকেই উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৫ হাজার ৩৯৭টি গৃহহীন পরিবারকে জমিসহ গৃহ হস্তান্তর ও ৫ হাজার ৩৬০ টি গৃহহীন পরিবারকে গৃহ প্রদান করেন। এর মাধ্যমে মোট ৩২টি জেলার ৩৯৪ টি উপজেলাকে ভূমিহীন গৃহহীনমুক্ত ঘোষণা করেন তিনি। আর্থ-সামাজিক বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের অংশ হিসেবে এ পর্যন্ত ৮ লক্ষাধিক পরিবারের ৪২ লক্ষ ৮০ হাজার মানুষ উপকৃত হয়েছেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ সময় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সময়ের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম তুলে ধরার পাশাপাশি প্রাক্তন রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সময়ের অপশাসনের বিবরণ তুলে ধরেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, স্বাধীনতার সুফল জনগণের ঘরে ঘরে পৌঁছাতে হবে, এ প্রত্যয় নিয়ে তিনি শত চক্রান্ত থাকা সত্ত্বেও কাজ করে যাচ্ছেন। তিনি বলেন, উন্নয়নের জন্য স্থিতিশীল পরিবেশ ও ধারাবাহিক সরকার প্রয়োজন। পরপর তিনবার ক্ষমতায় থাকায় বড় বড় প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে পেরেছেন বলে তিনি উল্লেখ করেন।

উল্লেখ্য, এছাড়াও ময়মনসিংহ জেলা সমাজসেবা কার্যালয় উদ্বোধন তালিকায় থাকলেও উক্ত কেন্দ্রটি এবছর গত ১১ মার্চ তারিখে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ময়মনসিংহ সফরকালে উদ্বোধন করেছেন।

#

মনির/দেওয়ান/রিদওয়ান/হুদা/রেজভী/সজীব/২০২৩/১৩:৩০ঘণ্টা